



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
মিরপুর-২ ঢাকা-১২১৬

শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষণ এবং মেন্টরিং টুল

(এই ফরমটি শ্রেণিকক্ষে পাঠদান সম্পর্কিত তথ্য সংগ্রহ করার জন্য ব্যবহৃত হবে)

সাধারণ তথ্যাবলি			
বিদ্যালয়ের নাম:		ইএমআইএস কোড:	
ক্লাস্টার/ইউনিয়ন/ওয়ার্ড:	উপজেলা:	জেলা:	বিভাগ:
পর্যবেক্ষিত শ্রেণি:	বিষয়:	পাঠের শিরোনাম:	
শাখা (যদি থাকে):			
শিক্ষকের নাম:		পদবি:	
শিক্ষার্থী সংখ্যা: বালক:	বালিকা:	মোট:	উপস্থিত শিক্ষার্থী: বালক: বালিকা: মোট:
মেন্টরের (প্রধান শিক্ষক) নাম:		মোবাইল:	তারিখ:

মডিউল ১: শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষণ

পর্যবেক্ষণের ক্ষেত্র	কার্যক্রম	পর্যবেক্ষিত বিষয়	মোট
১. নিরাপদ ও অন্তর্ভুক্তিমূলক শিখন পরিবেশ	১.১. পাঠের সময় শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য শিক্ষক যে স্বাচ্ছন্দ্যময় এবং নিরাপদ পরিবেশ তৈরি করেছেন তা আপনি কী দেখে বুঝলেন? (যেগুলো প্রয়োজ্য সেগুলো নির্বাচন করুন)	<input type="checkbox"/> শিক্ষক সকল শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করেছেন। <input type="checkbox"/> শিক্ষক শ্রেণিকক্ষে একীভূত শ্রেণিকার্যক্রম পরিচালনার পরিবেশ তৈরি করেছেন। <input type="checkbox"/> শিক্ষক সকল শিক্ষার্থীর প্রতি সহযোগিতাপূর্ণ ও বন্ধুত্বসুলভ আচরণ করেছেন। <input type="checkbox"/> শিক্ষক শিক্ষার্থীদের নাম ধরে ডেকেছেন। <input type="checkbox"/> যেসব শিক্ষার্থী স্বেচ্ছায় উত্তর দেয়নি তাদেরকে উত্তর দেওয়ার জন্য উৎসাহিত করেছেন।	
	১.২. পাঠের সময় শিক্ষক সকল শিক্ষার্থীদের কীভাবে সম্পৃক্ত করেছেন? (যেগুলো প্রয়োজ্য সেগুলো নির্বাচন করুন)	<input type="checkbox"/> শিক্ষক শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ করতে উৎসাহিত করেন। <input type="checkbox"/> শিক্ষার্থী ভুল উত্তর দিলে সঠিক উত্তর প্রদানে সহযোগিতা ও উৎসাহিত করেছেন। <input type="checkbox"/> শিক্ষক পাঠের সময় শিক্ষার্থীদের নির্ভয়ে প্রশ্ন করতে এবং তাদের মনোভাব প্রকাশ করতে উৎসাহিত করেছেন। <input type="checkbox"/> পাঠদানের সময় শিক্ষক বালক ও বালিকা উভয়কেই অংশগ্রহণের সুযোগ দিয়েছেন। <input type="checkbox"/> পাঠের সময় শিক্ষক পিছিয়েপড়া শিক্ষার্থীসহ পুরো ক্লাসের সবাইকে সম্পৃক্ত করেছেন/অংশগ্রহণ নিশ্চিত করেছেন।	

পর্যবেক্ষণের ক্ষেত্র	কার্যক্রম	পর্যবেক্ষিত বিষয়	মোট
২. পাঠ উপস্থাপন	২.১. আপনার পর্যবেক্ষণের সময় শিখন শেখানো কার্যক্রমের জন্য শিক্ষক কোন কোন বিষয়বস্তু পড়িয়েছেন?	<input type="checkbox"/> শিক্ষক পাঠদানকালে শিক্ষক সহায়িকায় বর্ণিত একটি পাঠ/পিরিয়ডের জন্য নির্ধারিত সকল বিষয়বস্তু পড়িয়েছেন।	
	২.২. পাঠদানের সময় শিক্ষককে কোন ধাপগুলো অনুসরণ করতে দেখেছেন? (যেগুলো প্রয়োজ্য সেগুলো নির্বাচন করুন)	<input type="checkbox"/> বিষয়বস্তু ও শিখনফলের সাথে সঙ্গতি রেখে পাঠের ধাপগুলো যথাযথভাবে অনুসরণপূর্বক পাঠ উপস্থাপন করেছেন। <input type="checkbox"/> শিক্ষক পাঠদানের সময় পাঠের নির্ধারিত শিখনফল অনুসারে যথোপযুক্ত শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগ করেছেন। <input type="checkbox"/> শিখনফল অর্জিত হয়েছে কিনা তা মূল্যায়ন করেছেন। <input type="checkbox"/> মূল্যায়ন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করেছেন।	
৩. পাঠদান প্রক্রিয়ায় শিক্ষার্থীদের সহায়তার কৌশল	৩.১. পাঠ উপস্থাপনের সময় শিক্ষককের কৌশলের ব্যবহার (যেগুলো প্রয়োজ্য সেগুলো নির্বাচন করুন)	<input type="checkbox"/> পাঠের বিষয়বস্তু বা উদ্দেশ্য শিক্ষক বলেছেন।	
		<input type="checkbox"/> শিক্ষক পাঠের সময় কাজের সঠিক নির্দেশনা দিয়েছেন।	
		<input type="checkbox"/> শিক্ষক নতুন বিষয়বস্তু শিখতে শিক্ষার্থীদের পূর্ব জ্ঞান কাজে লাগাতে উৎসাহিত করেছেন।	
		<input type="checkbox"/> সক্রিয় ও অংশগ্রহণমূলক শিখন কার্যক্রম পরিচালনা করেছেন।	
		<input type="checkbox"/> শিক্ষার্থীদের নতুন বিষয়বস্তু শেখানোর জন্য শিক্ষক যথাযথ উপকরণ ব্যবহার করেছেন; যেমন- ছবি, বর্ণের কার্ড, এবং/অথবা বাস্তবভিত্তিক উপকরণ ইত্যাদি।	
		<input type="checkbox"/> শিক্ষার্থীদের নতুন বিষয়বস্তু শেখানোর সহজলভ্য ডিজিটাল উপকরণ (যদি থাকে) শিক্ষক তা ব্যবহার করেছেন; যেমন- অডিও ক্লিপস, ভিডিও, ই-বুক, ডিজিটাল ইমেজ, স্লাইডস ইত্যাদি।	
৪. শিখন শেখানো প্রক্রিয়ায় প্রশ্নের ব্যবহার	৪.১. পাঠের সময় শিক্ষক কোন ধরনের প্রশ্ন করেছিলেন? (যেগুলো প্রয়োজ্য সেগুলো নির্বাচন করুন)	<input type="checkbox"/> শিক্ষক উন্মুক্ত প্রশ্ন করেছেন যার জন্য শিক্ষার্থীদের গভীরভাবে চিন্তা করতে হয়েছে (উদাহরণস্বরূপ, একটির বেশি সঠিক উত্তরযুক্ত প্রশ্ন, অনুসন্ধানমূলক প্রশ্ন, বিশ্লেষণ ও সংশ্লেষণ করে উত্তর দেওয়ার প্রশ্ন ইত্যাদি)।	
		<input type="checkbox"/> শিক্ষক সরাসরি, ছব্ব অথবা মুখস্থ উত্তর দেয়া যায় এমন প্রশ্ন করেছেন (যেমন- একটি মাত্র উত্তর আছে এমন প্রশ্ন, বর্ণনামূলক উত্তরের প্রশ্ন ইত্যাদি)।	
৫. ধারাবাহিক মূল্যায়ন	৫.১. শিখন শেখানো কার্যক্রমের সময় মূল্যায়নের জন্য শিক্ষক কী ধরনের কার্যক্রম গ্রহণ করেছিলেন?	<input type="checkbox"/> শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট ধারাবাহিক মূল্যায়নে যথাযথ মূল্যায়ন কৌশল নির্ধারণ ও প্রয়োগ করেছেন। <input type="checkbox"/> শিক্ষক কয়েক প্রকার ধারাবাহিক মূল্যায়নের ফরমেট যুক্ত করেছেন।	

মডিউল ২: মেন্টরিং সহায়তা টুল

পর্যবেক্ষণ পরবর্তী সেশন: উপরের পর্যবেক্ষণ থেকে নীচের ফলাফলগুলি উল্লেখ করুন :

পূর্ববর্তী পর্যবেক্ষণের পর থেকে শিক্ষকের উন্নতির বিষয়গুলিকে নোট করুন।	১. ২. ৩.		
আজকের পাঠ থেকে আপনার আলোচনার কোন অগ্রাধিকার বিষয়গুলো পরিলক্ষিত হয়েছে?	১. ২. ৩.		
পরবর্তী পদক্ষেপ নেয়ার জন্য শিক্ষকের করণীয় বিষয় উল্লেখ করুন	১. ২. ৩.		
সার্বিক মন্তব্য	খুব ভালো	ভালো	উন্নয়নের প্রয়োজন

নির্দেশনা: মোট সূচকের (২৫ টি) ৮০% বা অধিক টিকচিহ্ন হলে "খুব ভালো"

৬০% হতে ৭৯% টিকচিহ্ন হলে "ভালো"

৬০% এর নীচে হলে "উন্নয়নের প্রয়োজন"